দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC 08 1999
পৃষ্ঠা: ৩ কলাম ৩

22

# শিক্ষার্থীদের ১১ দফার মুখে খুলনা মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

খুলনা ব্যুরো ঃ ছাত্র-ছাত্রীদের ১১ দফা দাবীর মুখে খুলনা মেডিকেল কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকাল কলেজ বন্ধ এবং ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দিয়েছেন। অপরদিকে আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা খুলনা মেডিকেল কলেজের প্রিন্সিপাল ও প্যাথলজী বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ আবু সাঈদের অপসারণ দাবী করে আন্দোলন চালিয়ে যাওয়ার সংকল্প ব্যক্ত করেছে।

খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা শিক্ষার পরিবেশ উন্নত করার দাবীতে ১১ দফা দাবীসম্বলিত একটি স্মারকলিপি গত শনিবার অধ্যক্ষের নিকট জমা দেয়। এরপর ছাত্ররা প্রিন্সিপালের কার্যালয়সহ কলেজে প্রবেশের সকল গেটে ও দরজায় তালা ঝুলিয়ে দেয়। গত সোমবার সকাল থেকে খুলনা মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা ২য় দিনের মত প্রিন্সিপালের কার্যালয়ের সামনে অবস্থান গ্রহণ করে। ছাত্ররা তাদের ১১ দফা দাবীর পক্ষে বিভিন্ন শ্লোগান দিতে থাকে। এ সময় ছাত্র-ছাত্রীরা মানববন্ধনেরও সৃষ্টি করে। বিকেলের দিকে প্রিন্সিপাল প্রফেসর ডাঃ আবদুল হান্নান বিভিন্ন বিভাগের শিক্ষকদের নিয়ে ছাত্রদের সামনে উপস্থিত হন। প্যাথলজী বিভাগের সহকারী প্রফেসর ডাঃ আবু সাঈদ এ সময় ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্য করে অকথ্য ভাষায় কটূক্তি করে বক্তৃতা করলে আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রিন্সিপাল ও শিক্ষকরা এ সময় দ্রুত ঘটনাস্থল ত্যাগ করেন। পরে কলেজের নোটিশ বোর্ডে খুলনা মেডিকেল কলেজ অনির্দিষ্টকাল বন্ধ ও ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়।

এ নোটিশপ্রাপ্তির পর ছাত্র-ছাত্রীরা উত্তেজনায় ফেটে পড়ে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ছাত্র-ছাত্রীরা হল ত্যাগ করেনি বলে জানা গেছে। এদিকে, কলেজের প্রিন্সিপাল ইনকিলাব খুলনা ব্যুরোকে জানান, ছাত্ররা নিয়ম ভঙ্গ করে প্রিন্সিপালের কার্যালয়ের সামনে টায়ার জ্বালায় ও পটকার বিস্ফোরণ ঘটায়। পরিবেশ অশান্তের দরুন কলেজ অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা করা হয়।